

কেন্দ্রের ভেতরে আচরণবিধি লঙ্ঘন হচ্ছে: উমামা ফাতেমা

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ০৯ সেপ্টেম্বর ২০২৫



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে নারী শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে সন্তোষ প্রকাশ করেছেন স্বতন্ত্র শিক্ষার্থী এক্য প্যানেলের সহ-সভাপতি (ভিপি) পদপ্রার্থী উমামা ফাতেমা। তবে ভোটকেন্দ্রের ভেতরে আচরণবিধি লঙ্ঘনের অভিযোগও তুলেছেন তিনি।

সকাল সোয়া ৯টার দিকে টিএসসি কেন্দ্র পরিদর্শনে এসে তিনি বলেন, “নারী শিক্ষার্থীরা বিশেষ করে অনাবাসিক শিক্ষার্থীরা অনেক উৎসাহ নিয়ে ভোট দিচ্ছেন। আমরা ভেবেছিলাম টার্নআউট কর হবে, কিন্তু আনন্দের বিষয় হলো তারা নিজেদের ভোটাধিকার সম্পর্কে সচেতন হয়ে ভোট দিতে আসছেন। এটি বিশ্ববিদ্যালয়ের জন্য গর্বের।”

তবে একইসঙ্গে তিনি অভিযোগ করে বলেন, “ভোটারদের লাইন খুব ধীরে এগোচ্ছে। অনেক দীর্ঘ লাইন তৈরি হয়েছে। পোলিং এজেন্ট সংক্রান্ত জটিলতা হচ্ছে। সবচেয়ে উদ্বেগের বিষয় হলো, কেন্দ্রের ভেতরে আচরণবিধি লঙ্ঘন হচ্ছে। প্রার্থীরা ভেতরে তুকচেন, ছেলেদের হলে লিফলেট বিলি করছেন, যা নিয়মবহির্ভূত।”

উমামা ফাতেমা বলেন, “আমরা সুষ্ঠু নির্বাচনের পরিবেশ চাই। কিন্তু এভাবে যদি প্রার্থীরা ভেতরে গিয়ে প্রভাব বিস্তার করেন, তাহলে লেভেল প্লেয়িং ফিল্ড নষ্ট হয়ে যেতে পারে।”

এর আগে তিনি ভূতত্ত্ব বিভাগ ও ল্যাবরেটরি স্কুল কেন্দ্রও পরিদর্শন করেন।

এদিকে মঙ্গলবার সকাল ৮টা থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আটটি কেন্দ্রে ভোটগ্রহণ শুরু হয়েছে। বিকাল ৪টা পর্যন্ত চলবে এ ভোটগ্রহণ। এবারের নির্বাচনে মোট ২৮টি পদে ৪৭১ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন, যার মধ্যে অন্তত ১০টি প্যানেল ও বেশ কয়েকজন স্বতন্ত্র প্রার্থী রয়েছেন।